



২০১৯-২০২০ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৫ম সভার (Zoom meeting) কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ  
পরিচালক(দাঃবিঃওঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।


তারিখ ও সময় : ২৯ জুন ২০২০খ্রিঃ; বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে।

সভাপতি Zoom meeting কোভিড-১৯ পরিস্থিতিতে সংযুক্ত সকল সম্মানিত সহকর্মীগণের সুস্বতা কামনা করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে টিমের সদস্য-সচিব জনাব সালেহ উদ্দিন আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, ফেব্রুয়ারী ২০১৯ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ সকল সদস্যকে ই-মেইলে প্রেরণ/অবহিত করা হয়েছে। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন কাঠামোর (২০১৯-২০২০) ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরূপ-

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
১	উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন	যথাসময়ে প্রণীত হয়েছে।	প্রণীত কর্মপরিকল্পনা মার্চ ২০২০ পর্যন্ত বাস্তবায়িত হয়েছে।	কোভিড-১৯ জনিত কারণে দাপ্তরিক সাধারণ ছুটি থাকায় এপ্রিল-জুন ২০১৯ পর্যন্ত অবশিষ্ট কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয় নাই
২	ইনোভেশন টিমের সভা	যথা নিয়মে ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। এটি চলতি অর্থবছরের ৫ম সভা। কোভিড-১৯ জনিত কারণে Zoom meeting করা হয়েছে।	-	পরিকল্পনা মাসিক ১টি সভা করা যায় নাই
৩	সক্ষমতা বৃদ্ধি	শুধুমাত্র উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের ১টি প্রশিক্ষণ আয়োজিত হয়েছে।	দুই দিনের প্রশিক্ষণ হতে প্রাপ্ত ০৫টি আইডিয়া মাঠে পাইলটিং এর জন্য নির্ধারিত মেন্টরগণ যথারীতি মেন্টরিং করবেন;	টিমের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত সদস্য
৪	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম	ধারণা আহবানের প্রেক্ষিতে ৭০টি উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে (গাজীপুর, সাতক্ষীরার তালতলা, বরিশাল, নড়াইল সদর, কুড়িগ্রামের নাগেশ্বরী, ময়মনসিংহের ফুলবাড়ীয়া ও ঈশ্বরগঞ্জ, বান্দরবান, ভোলা, নড়াইলের লোহাগড়া, সিরাজগঞ্জ সদর ও কাজিপুর, মুন্সীগঞ্জ, বরগুনার আমতলী, বামনা ও তালতলী, রাজবাড়ীর আলাদিপুর, কুমিল্লার বুড়িচং, লালমাই ও মনোহরগঞ্জ, খুলনার কয়রা, চুয়াডাঙ্গার জীবননগর, রাজশাহীর তানোর ও দুর্গাপুর, ঢাকা জেলার দোহার, জামালপুরের বকশীগঞ্জ ও সরিষাবাড়ী, মেহেরপুর, বাগেরহাট সদর ও বরগুনা জেলা)।	১) উদ্ভাবনী ধারণা প্রেরণকারীগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২) প্রাপ্ত ধারণাগুলো ইনোভেশন টিমের সদস্যগণ যাচাই-বাছাই করে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে চূড়ান্ত করবেন। এলক্ষ্যে প্রাপ্ত আইডিয়াগুলো সদস্যদের ই-মেইল পাঠাতে হবে। ৩) কোভিড পরিস্থিতিতে নতুন কোন আইডিয়া পাওয়া যায় কিনা সে বিষয়ে নতুন করে প্রস্তাব আহবান করতে হবে।	১। সম্মানিত সদস্যগণ ও ২। সদস্য সচিব

কোভিড-১৯ জনিত কারণে কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। তবে দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ কার্যাদি প্রতিপালনে আন্তরিক হবেন, সভাপতি এই আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ এরশাদ-উর-রশীদ)  
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)  
ও  
ইনোভেশন অফিসার  
ফোনঃ ৯৫৬১৩৫৩

তারিখঃ ৩০/০৬/২০২০খ্রিঃ

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৬১.১৬- ৯৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব----- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি।



(সালেহু উদ্দিন আহমেদ)  
সহকারী পরিচালক(আইসিটি)

ও

সদস্য-সচিব

ইনোভেশন টিম

ফোনঃ ৯৫৮৬৮৯৮

e-mail: [adict@dvd.gov.bd](mailto:adict@dvd.gov.bd)

পরিশিষ্ট "ক"

২৯/০৬/২০২০খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক (প্রশিক্ষণ-১)	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (চঃদাঃ) (প্রকাশনা ও আন্দ্রকর্ম)	স্বাক্ষরিত
৩.	জনাব মোঃ আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
৪.	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৫.	জনাব মোঃ ফজলুল হক সহকারী পরিচালক (হিসাবরক্ষণ কর্মকর্তা)	স্বাক্ষরিত
৬.	জনাব সালেহু উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত